



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

গুলশান সেন্টার পয়েন্ট, প্রট: ২৩-২৬, রোড: ৪৬, গুলশান-২, ঢাকা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.৩৪৩.১৬-১৫৪

তারিখ: ২৪/০৫/২০১৮ খ্রি:

দৈনিক মজুরী ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০১/০১/২০১৮ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০১১.৩৩৫.১৪-০৩ নং স্মারকে অনুমোদনের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরী ভিত্তিক (কাজ করলে মজুরী না করলে নেই) শর্তে মোট ১৬০ (একশত ষাট) জন শ্রমিক/কর্মী নিয়োগ করা হবে। “কাজ করলে মজুরী না করলে নেই” ভিত্তিতে কাজ করতে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---------|----------------------------|--|
| ১. | শ্রমিক (পরিচ্ছন্নতা কর্মী) | সু-স্বাস্থ্যের অধিকারী, নম্র স্বভাবধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |

শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে বার্ষিক্যতাজনিত কারণে ৫৯ বছর পূর্তিতে কর্ম থেকে অব্যাহতি প্রাপ্ত স্কেলডুক্ত মাস্টাররোল কর্মীদের পৌষ্যগণ এ নিয়োগে অগ্রাধিকার পাবেন। পৌষ্যদের আবেদনের ক্ষেত্রে ৫৯ বছর পূর্তিতে কর্ম থেকে অব্যাহতি প্রাপ্ত স্কেলডুক্ত মাস্টাররোল কর্মীর নাম ও পদবি, অঞ্চল/বিভাগ, কর্ম থেকে অব্যাহতি প্রাপ্তির তারিখ উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
 - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয় পত্র (ভোটার আইডি কার্ড)/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
 - যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদের সত্যায়িত ফটোকপি।
 - সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল অবশ্যই থাকতে হবে।
- আবেদনপত্র সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্রট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা বরাবর আগামী ১৪/০৬/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং সিলগালাকৃত আবেদনপত্রের খামের উপর অবশ্যই “শ্রমিক (পরিচ্ছন্নতা কর্মী)” উল্লেখ করতে হবে।
- প্রার্থীর বয়স ১৪/০৬/২০১৮ খ্রিঃ তারিখে ১৮ (আঠার) থেকে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।
- সর্বসাকুল্যে দৈনিক মজুরী ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা প্রদান করা হবে।
- এ নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী, দৈনিক মজুরী ভিত্তিক এবং ভবিষ্যতে কোনক্রমে রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না।
- অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- বিজ্ঞাপিত শ্রমিক সংখ্যা কম/বেশী হতে পারে। যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/ প্রত্যাহার/অন্যান্য সকল অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

২৪/০৫/২০১৮

(দুলাল কৃষ্ণ সাহা)

সচিব

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

তারিখ: ২৪/০৫/২০১৮ খ্রি)

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.৩৪৩.১৬-১৫৪

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। বিভাগীয় প্রধান (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। সিস্টেমস এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (মাননীয় প্যানেল মেয়র এর সদয় অবগতির জন্য)।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (তিনি বিজ্ঞপ্তিটি বহল প্রচারিত ২টি দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।

২৪/০৫/১৮

(মোঃ মনোয়ার হোসেন)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-২

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।